

গাণিতিক সমস্যার সমাধান

প্রশ্ন ১। কোন শ্রেণিতে ৪ টি বেঞ্চ আছে, প্রতিটি বেঞ্চে ৩ জন করে শিক্ষার্থী বসে। সেখানে কতজন শিক্ষার্থী আছে? পৃষ্ঠা-৩৯

সমাধানঃ ১ টি বেঞ্চে শিক্ষার্থী বসে ৩ জন

সুতরাং ৪ টি বেঞ্চে শিক্ষার্থী বসে (৩×৪) জন = ১২ জন

উত্তরঃ ১২ জন শিক্ষার্থী আছে।

প্রশ্ন ২। একজন দোকানদার ৪ টি খালার প্রত্যেকটিতে ৫ টি করে টমেটো রেখেছেন। একত্রে কতগুলো টমেটো আছে?

পৃষ্ঠা-৪১

সমাধানঃ ১ টি খালায় টমেটো আছে ৫ টি

সুতরাং ৪ টি খালায় টমেটো আছে (৫×৪) টি = ২০ টি

উত্তরঃ ২০ টি টমেটো আছে।

প্রশ্ন ৩। ৬ টি খালার প্রতিটিতে ৫ টি করে লিচু আছে। একত্রে কতগুলো লিচু আছে? পৃষ্ঠা- ৪২

সমাধানঃ ১ টি খালায় লিচু আছে ৫ টি

সুতরাং ৬ টি খালায় লিচু আছে (৫×৬) টি = ৩০ টি

উত্তরঃ ৩০ টি লিচু আছে।

প্রশ্ন ৪। মিনা প্রতিদিন একটি বইয়ের ২ পৃষ্ঠা করে পড়ে। সে ৬ দিনে কত পৃষ্ঠা পড়বে? পৃষ্ঠা- ৪৪

সমাধানঃ মিনা ১ দিনে পড়ে ২ পৃষ্ঠা

সুতরাং মিনা ৬ দিনে পড়ে (২×৬) পৃষ্ঠা = ১২ পৃষ্ঠা

উত্তরঃ ১২ পৃষ্ঠা পড়বে।

প্রশ্ন ৫। এক প্যাকেট বিস্কুটের দাম ২ টাকা। রেজা এই বিস্কুটের ৭ টি প্যাকেট কিনল। পৃষ্ঠা- ৪৪

(১) বিস্কুটের দাম কত টাকা হবে?

(২) যদি সে বিস্কুটের আরও ৩ টি প্যাকেট কিনে, তবে কত টাকা লাগবে?

সমাধানঃ (১) ১ প্যাকেট বিস্কুটের দাম ২ টাকা

সুতরাং ৭ প্যাকেট বিস্কুটের দাম (২×৭) টাকা = ১৪ টাকা

উত্তরঃ বিস্কুটের দাম ১৪ টাকা।

সমাধানঃ (২) রেজা পূর্বে কিনেছিল ৭ প্যাকেট

আরও কিনল (+) ৩ প্যাকেট

মোট কিনল ১০ প্যাকেট

১ প্যাকেট বিস্কুটের দাম ২ টাকা

১০ প্যাকেট বিস্কুটের দাম (২×১০) টাকা = ২০ টাকা

উত্তরঃ ২০ টাকা লাগবে।

প্রশ্ন ৬। একটি রিক্সায় ৩ টি চাকা আছে। ৫ টি রিক্সায় একত্রে কয়টি চাকা রয়েছে? পৃষ্ঠা- ৪৭

সমাধানঃ ১ টি রিক্সায় চাকা আছে ৩ টি

সুতরাং ৫ টি রিক্সায় চাকা আছে (৩×৫) টি = ১৫ টি

উত্তরঃ ১৫ টি চাকা আছে।

প্রশ্ন ৭। একটি খালায় ৩ টি পেয়ারা সাজানো যায়। ৪ টি খালা সাজাতে কয়টি পেয়ারা প্রয়োজন? পৃষ্ঠা- ৪৭

সমাধানঃ ১ টি খালায় পেয়ারা সাজানো যায় ৩ টি

সুতরাং ৪ টি খালায় পেয়ারা সাজানো যায় (৩×৪) টি = ১২ টি

উত্তরঃ ১২ টি পেয়ারা প্রয়োজন।

প্রশ্ন ৮। গরুর পা কয়টি? ৭ টি গরুর মোট পা কতটি? পৃষ্ঠা- ৪৯

সমাধানঃ গরুর পা ৪ টি।

১ টি গরুর পা ৪ টি

সুতরাং ৭ টি গরুর পা (৪×৭) টি = ২৮ টি

উত্তরঃ ২৮ টি পা আছে।

প্রশ্ন ৯। ১ টি গাড়ির ৪ টি চাকা রয়েছে। ৫ টি গাড়ির জন্য কতটি চাকার প্রয়োজন? পৃষ্ঠা- ৪৯

সমাধানঃ ১ টি গাড়ির চাকা আছে ৪ টি

সুতরাং ৫ টি গাড়ির চাকা আছে (৪×৫) টি = ২০ টি

উত্তরঃ ২০ টি চাকার প্রয়োজন।

প্রশ্ন ১০। রাজুর বাবা এক সপ্তাহে ৬ দিন কাজ করেন। তিনি ৭ সপ্তাহে কতদিন কাজ করেন? পৃষ্ঠা- ৫১

সমাধানঃ ১ সপ্তাহে কাজ করেন ৬ দিন

সুতরাং ৭ সপ্তাহে কাজ করেন (৬×৭) দিন = ৪২ দিন

উত্তরঃ ৪২ দিন কাজ করেন।

প্রশ্ন ১১। ৭ দিনে এক সপ্তাহ। ৯ সপ্তাহে কত দিন? পৃষ্ঠা- ৫৩

সমাধানঃ ১ সপ্তাহে ৭ দিন

সুতরাং ৯ সপ্তাহে (৭×৯) দিন = ৬৩ দিন

উত্তরঃ ৬৩ দিন।

প্রশ্ন ১২। ৪ টি বক্সের প্রতিটিতে ৮ টি করে চকলেট আছে। সেখানে কতগুলো চকলেট আছে? পৃষ্ঠা- ৫৪

সমাধানঃ ১ টি বক্সে চকলেট আছে ৮ টি

সুতরাং ৪ টি বক্সে চকলেট আছে (৮×৪) টি = ৩২ টি

উত্তরঃ ৩২ টি চকলেট আছে।

প্রশ্ন ১৩। একটি শ্রেণিকক্ষের প্রতিটি দলে ৮ জন করে শিক্ষার্থী আছে। যদি ৬ টি দল থাকে, তবে সেখানে কতজন শিক্ষার্থী

থাকবে? পৃষ্ঠা- ৫৪

সমাধানঃ ১ টি দলে শিক্ষার্থী আছে ৮ জন

সুতরাং ৬ টি দলে শিক্ষার্থী আছে (৮×৬) জন = ৪৮ জন

উত্তরঃ ৪৮ জন শিক্ষার্থী থাকবে।

প্রশ্ন ১৪। প্রতিটি বুড়িতে ৯ টি করে রুটি রাখা যায়। এরকম ৪ টি বুড়িতে কতগুলো রুটি রাখা যায়? পৃষ্ঠা- ৫৫

সমাধানঃ ১ টি বুড়িতে রুটি রাখা যায় ৯ টি

সুতরাং ৪ টি বুড়িতে রুটি রাখা যায় (৯×৪) টি = ৩৬ টি

উত্তরঃ ৩৬ টি রুটি রাখা যায়।

প্রশ্ন ১৫। রফিক একদিনে একটি বইয়ের ৯ পৃষ্ঠা পড়ে। সে ৭ দিনে কত পৃষ্ঠা পড়ে? পৃষ্ঠা- ৫৫

সমাধানঃ রফিক ১ দিনে পড়ে ৯ পৃষ্ঠা

সুতরাং রফিক ৭ দিনে পড়ে (৯×৭) পৃষ্ঠা = ৬৩ পৃষ্ঠা

উত্তরঃ ৬৩ পৃষ্ঠা পড়ে।

প্রশ্ন ১৬। একজন মানুষের দুই হাতে মোট ১০ টি আঙ্গুল আছে। এরকম ৮ জন মানুষের হাতে কতটি আঙ্গুল রয়েছে?

পৃষ্ঠা- ৫৬

সমাধানঃ ১ জন মানুষের দুই হাতে আঙ্গুল আছে ১০ টি

সুতরাং ৮ জন মানুষের দুই হাতে আঙ্গুল আছে (১০×৮) টি = ৮০ টি

উত্তরঃ ৮০ টি আঙ্গুল আছে।

প্রশ্ন ১৭। রাজুর বাবা একদিনে ১২ ঘন্টা কাজ করেন। যদি তিনি ৩ দিন কাজ করেন, তবে কত ঘন্টা কাজ হবে? পৃষ্ঠা- ৬১

সমাধানঃ রাজুর বাবা ১ দিনে কাজ করেন ১২ ঘন্টা

সুতরাং রাজুর বাবা ৩ দিনে কাজ করেন (১২×৩) ঘন্টা = ৩৬ ঘন্টা

উত্তরঃ ৩৬ ঘন্টা কাজ করেন।

প্রশ্ন ১৮। রহিম ৩ টি রূপকথার বই কিনতে চায়। প্রতিটি বইয়ের মূল্য ৩০ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে? পৃষ্ঠা- ৬১

সমাধানঃ ১ টি বইয়ের মূল্য ৩০ টাকা

সুতরাং ৩ টি বইয়ের মূল্য (৩০×৩) টাকা = ৯০ টাকা

উত্তরঃ ৯০ টাকা লাগবে।

প্রশ্ন ১৯। একটি প্যাকেটে ২ টি লজেন্স আছে ৮ টি প্যাকেটে কতগুলো লজেন্স আছে? পৃষ্ঠা- ৬২

সমাধানঃ ১ প্যাকেটে লজেন্স আছে ২ টি

সুতরাং ৮ প্যাকেটে লজেন্স আছে (২×৮) টি = ১৬ টি

উত্তরঃ ১৬ টি লজেন্স আছে।

প্রশ্ন ২০। একটি শ্রেণিকক্ষে ১০ টি বেঞ্চ আছে। একটি বেঞ্চে ৫ জন বসতে পারে। শ্রেণিকক্ষে মোট কতজন ছাত্র বসতে

পারবে? পৃষ্ঠা- ৬৩

সমাধানঃ ১ টি বেঞ্চে ছাত্র বসে ৫ জন

সুতরাং ১০ টি বেঞ্চে ছাত্র বসে (৫×১০) জন = ৫০ জন

উত্তরঃ ৫০ জন ছাত্র বসতে পারে।

প্রশ্ন ২১। বাবা প্রতিদিন ৪ ঘণ্টা হাঁটেন। ৭ দিনে তিনি কত ঘণ্টা হাঁটেন? পৃষ্ঠা- ৬৩

সমাধানঃ ১ দিনে হাঁটেন ৪ ঘণ্টা

সুতরাং ৭ দিনে হাঁটেন (৪×৭) ঘণ্টা = ২৮ ঘণ্টা

উত্তরঃ ২৮ ঘণ্টা

প্রশ্ন ২২। উজ্জ্বল ৪ টি বই কিনতে চায়। প্রতিটি বইয়ের দাম ২১ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে? পৃষ্ঠা- ৬৩

সমাধানঃ ১ টি বইয়ের দাম ২১ টাকা

সুতরাং ৪ টি বইয়ের দাম (২১×৪) টাকা = ৮৪ টাকা

উত্তরঃ ৮৪ টাকা লাগবে।

প্রশ্ন ২৩। ৮ টি আম দুইজনকে সমানভাবে ভাগ করে দেওয়া হল। প্রত্যেকে কয়টি করে আম পাবে? পৃষ্ঠা- ৭২

সমাধানঃ ২ জনে আম পায় ৮ টি

সুতরাং ১ জনে আম পায় $(৮ \div ২)$ টি = ৪ টি

উত্তরঃ ৪ টি করে আম পাবে।

প্রশ্ন ২৪। ২৪ টি লজেন্স চারজনকে সমানভাবে ভাগ করে দেওয়া হল। প্রত্যেকে কয়টি করে লজেন্স পাবে? পৃষ্ঠা- ৭২

সমাধানঃ ৪ জনে লজেন্স পায় ২৪ টি

সুতরাং ১ জনে লজেন্স পায় $(২৪ \div ৪)$ টি = ৬ টি

উত্তরঃ ৬ টি করে লজেন্স পাবে।

প্রশ্ন ২৫। ২৭ টাকা তিনজনকে সমানভাবে ভাগ করে দেওয়া হল। প্রত্যেকে কত টাকা করে পাবে? পৃষ্ঠা- ৭২

সমাধানঃ ৩ জনে পায় ২৭ টাকা

সুতরাং ১ জনে পায় $(২৭ \div ৩)$ টাকা = ৯ টাকা

উত্তরঃ ৯ টাকা করে পাবে।

প্রশ্ন ২৬। একটি বেঞ্চে ৫ জন বসে। ৪৫ জনের জন্য কয়টি বেঞ্চের প্রয়োজন হবে? পৃষ্ঠা- ৭২

সমাধানঃ ৫ জনের জন্য বেঞ্চের প্রয়োজন ১ টি

সুতরাং ৪৫ জনের জন্য বেঞ্চের প্রয়োজন $(৪৫ \div ৫)$ টি = ৯ টি

উত্তরঃ ৯ টি বেঞ্চের প্রয়োজন।

প্রশ্ন ২৭। একজন লোক ৩২ টাকা দিয়ে কিছু ডিম কিনলেন। যদি একটি ডিমের দাম ৪ টাকা হয়, তবে এই লোক কয়টি

ডিম কিনেছেন? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ৪ টাকা দিয়ে ডিম কিনেছেন ১ টি

সুতরাং ৩২ টাকা দিয়ে ডিম কিনেছেন $(৩২ \div ৪)$ টি = ৮ টি

উত্তরঃ ৮ টি ডিম কিনেছেন।

প্রশ্ন ২৮। প্রত্যেক দলে ৮ জন করে শিক্ষার্থী নিয়ে দল গঠন করা হল। যদি ৭২ জন শিক্ষার্থী থাকে, তবে কয়টি দল হবে?

পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ৮ জন শিক্ষার্থী নিয়ে দল গঠন করা হয় ১ টি

সুতরাং ৭২ জন শিক্ষার্থী নিয়ে দল গঠন করা হয় $(৭২ \div ৮)$ টি = ৯ টি

উত্তরঃ ৯ টি দল হবে।

প্রশ্ন ২৯। একজন শিক্ষার্থী ৫৪ পৃষ্ঠার একটি বই পড়ছে। যদি সে একদিনে ৬ পৃষ্ঠা পড়ে, তবে এই বই পড়ে শেষ করতে

তার কতদিন লাগবে? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ৬ পৃষ্ঠা পড়ে ১ দিনে

সুতরাং ৫৪ পৃষ্ঠা পড়ে $(৫৪ \div ৬)$ দিনে = ৯ দিনে

উত্তরঃ ৯ দিন লাগবে।

প্রশ্ন ৩০। একটি বুড়িতে ১০ টি আম আছে। ৫ টি বুড়িতে কতগুলো আম আছে? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ১ টি বুড়িতে আম আছে ১০ টি

সুতরাং ৫ টি বুড়িতে আম আছে (১০×৫) টি = ৫০ টি

উত্তরঃ ৫০ টি আম আছে।

প্রশ্ন ৩১। একজন লোক ১০ টি আম কিনলেন এবং ৫ জন শিশুকে সমানভাবে ভাগ করে দিলেন। প্রত্যেক শিশু কয়টি

করে আম পেল? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ৫ জন শিশুকে আম দিলেন ১০ টি

সুতরাং ১ জন শিশুকে আম দিলেন $(১০ \div ৫)$ টি = ২ টি

উত্তরঃ ২ টি করে আম পেল।

প্রশ্ন ৩২। একটি শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী আছে। যদি একটি বেঞ্চে ৪ জন শিক্ষার্থী বসে, তবে ওই শ্রেণিতে কয়টি বেঞ্চ

আছে? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ৪ জন শিক্ষার্থী বসে ১ টি বেঞ্চে

সুতরাং ২৪ জন শিক্ষার্থী বসে $(২৪ \div ৪)$ টি বেঞ্চে = ৬ টি বেঞ্চে

উত্তরঃ ৬ টি বেঞ্চে আছে।

প্রশ্ন ৩৩। একটি শ্রেণিকক্ষে ১২ টি বেঞ্চ আছে। যদি শিক্ষার্থীরা ৬ টি বেঞ্চে বসে, তবে কতগুলো বেঞ্চ অব্যবহৃত থাকে?

পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ বেঞ্চ আছে ১২ টি

শিক্ষার্থীরা বসে $(-)$ ৬ টি

বেঞ্চ অব্যবহৃত থাকে ৬ টি

উত্তরঃ ৬ টি বেঞ্চ।

প্রশ্ন ৩৪। একটি প্যাকেটে ৮ টি বিস্কুট আছে। একজন বালিকা বিস্কুটের ২ টি প্যাকেট কিনল। সে মোট কতগুলো বিস্কুট কিনল? পৃষ্ঠা- ৭৩

সমাধানঃ ১ টি প্যাকেটে বিস্কুট আছে ৮ টি

সুতরাং ২ টি প্যাকেটে বিস্কুট আছে (৮×২) টি = ১৬ টি

উত্তরঃ ১৬ টি বিস্কুট কিনল।

প্রশ্ন ৩৫। একজনের ৮ টি বিস্কুট আছে। যদি সে একদিনে ২ টি বিস্কুট খায়, তবে সে কতদিনে বিস্কুটগুলো শেষ করবে?

পৃষ্ঠা-৭৩

সমাধানঃ ২ টি বিস্কুট খায় ১ দিনে

সুতরাং ৮ টি বিস্কুট খায় $(৮ \div ২)$ দিনে = ৪ দিনে

উত্তরঃ ৪ দিনে বিস্কুটগুলো শেষ করবে।

প্রশ্ন ৩৬। ইভা ৩২ টাকায় এক হালি ডিম, ৩০ টাকায় এক প্যাকেট চানাচুর এবং ৬ টাকায় কিছু বিস্কুট কিনল। সে বাজারে

কত টাকা খরচ করল? পৃষ্ঠা- ৭৫

সমাধানঃ ডিম কিনল ৩২ টাকার

চানাচুর কিনল ৩০ টাকার

বিস্কুট কিনল ০৬ টাকার

মোট খরচ করল ৬৮ টাকার

উত্তরঃ ৬৮ টাকা খরচ করল।

প্রশ্ন ৩৭। রাজুর ১৬ টাকা ছিল এবং তার বাবা তাকে আরও ২০ টাকা দিলেন। রাজু একটি দোকানে গেল এবং ৩২ টাকা দিয়ে খাতা ও কলম কিনল। তার কাছে কত টাকা রইল। পৃষ্ঠা- ৭৫

সমাধানঃ রাজুর ছিল ১৬ টাকা

বাবা দিলেন (+) ২০ টাকা

মোট ৩৬ টাকা

রাজুর মোট ছিল ৩৬ টাকা

খাতা ও কলম কিনল (-) ৩২ টাকা

রাজুর কাছে রইল ০৪ টাকা

উত্তরঃ ৪ টাকা রইল।

প্রশ্ন ৩৮। দুই দিন আগে রেজা মামার বাড়ি গিয়েছিল। যদি আজ বুধবার হয়, তবে কি বারে সে মামার বাড়ি গিয়েছিল?

পৃষ্ঠা- ৮৪

সমাধানঃ আজ বুধবার হলে এক দিন আগে ছিল মঙ্গলবার এবং দুই দিন আগে ছিল সোমবার।

অর্থাৎ রেজা সোমবারে মামার বাড়ি গিয়েছিল।

প্রশ্ন ৩৯। মিনার বিদ্যালয়ে আজ থেকে ৬ দিন পর ক্রীড়া প্রতিযোগিতা হবে। যদি আজ সোমবার হয়, তবে কি বাড়ে ক্রীড়া প্রতিযোগিতা হবে? পৃষ্ঠা- ৮৪

সমাধানঃ আজ সোমবার হলে,

একদিন পর মঙ্গলবার, দুই দিন পর বুধবার, তিন দিন পর বৃহস্পতিবার, চার দিন পর শুক্রবার, পাঁচ দিন পর শনিবার এবং ছয় দিন পর হবে রবিবার।

অর্থাৎ মিনার বিদ্যালয়ে রবিবারে ক্রীড়া প্রতিযোগিতা হবে।

প্রশ্ন ৪০। আলি দুই দিন আগে হাসপাতালে গিয়েছিল কিন্তু তার পেটের ব্যথা শুরু হয়েছিল হাসপাতালে যাওয়ার ৩ দিন আগে। যদি আজ শনিবার হয়, তবে কোন দিন তার পেটের ব্যথা শুরু হয়েছিল? পৃষ্ঠা- ৮৪

সমাধানঃ আলি ২ দিন আগে হাসপাতালে গিয়েছিল যদি আজ শনিবার হয় তবে হাসপাতালে যাওয়ার দিন হল বৃহস্পতিবার। অর্থাৎ তার পেটের ব্যথা শুরু হয়েছিল বৃহস্পতিবার থেকে ৩ দিন আগে সোমবারে।

সুতরাং আজ শনিবার হলে, সোমবার আলির পেটের ব্যথা শুরু হয়েছিল।

প্রশ্ন ৪১। সিফাত বিকাল ৩ টা থেকে ২ ঘন্টা বাড়িতে কাজ করে এবং সন্ধ্যা ৬ টা থেকে ৯ টা পর্যন্ত তার বাবাকে সাহায্য করে। পৃষ্ঠা- ৮৭

(১) সে কোন সময়ে বাড়ির কাজ শেষ করে? (২) সে কত ঘন্টা তার বাবাকে সাহায্য করে?

সমাধানঃ (১) ৩ টা থেকে ২ ঘন্টা = (৩+২) টা = ৫ টা

সুতরাং সিফাত ৫ টায় বাড়ির কাজ শেষ করে।

সমাধানঃ (২) ৬ টা থেকে ৯ টা পর্যন্ত = (৯-৬) ঘন্টা = ৩ ঘন্টা

সুতরাং সিফাত ৩ ঘন্টা তার বাবাকে সাহায্য করে।

প্রশ্ন ৪২। একদিন রেজা সকাল ৮ টায় তার বাবার সাথে বাড়ি থেকে বের হয় এবং বিকাল ৩ টায় বাড়িতে আসে। সে কত ঘন্টা বাড়ির বাইরে ছিল? পৃষ্ঠা- ৮৭

সমাধানঃ ঘড়িতে ১ থেকে ১২ পর্যন্ত সংখ্যাগুলো ঘন্টা নির্দেশ করে।

সকাল ৮ টা থেকে ১২ টা পর্যন্ত ৪ ঘন্টা এবং ১২ টা থেকে ৩ টা পর্যন্ত ৩ ঘন্টা।

রেজা বাড়ির বাইরে ছিল (৪+৩) ঘন্টা = ৭ ঘন্টা।

সুতরাং ৭ ঘন্টা বাড়ির বাইরে ছিল।

প্রশ্ন ৪৩। একটি বিদ্যালয়ে ২য় শ্রেণির শিক্ষার্থীরা সকাল ৯ টা থেকে ৩ ঘন্টা বিদ্যালয়ে অবস্থান করে। শিক্ষার্থীরা কোন সময়ে বিদ্যালয় ত্যাগ করে? পৃষ্ঠা- ৮৭

সমাধানঃ ৯ টা থেকে ৩ ঘন্টা (৯+৩) টা = ১২ টা

অর্থাৎ শিক্ষার্থীরা ১২ টার সময় বিদ্যালয় ত্যাগ করে।

প্রশ্ন ৪৪। একটি বিদ্যালয়ে ২য় শ্রেণিতে ৩৪ জন ছাত্র ও ৫১ জন ছাত্রী আছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে কাদের সংখ্যা বেশি? কত বেশি? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ ২য় শ্রেণিতে ছাত্রী আছে ৫১ জন

সুতরাং ২য় শ্রেণিতে ছাত্র আছে(-) ৩৪ জন

২য় শ্রেণিতে ছাত্রী বেশি আছে ১৭ জন

উত্তরঃ ২য় শ্রেণিতে ছাত্রী সংখ্যা বেশি আছে এবং তা ১৭ জন।

প্রশ্ন ৪৫। রহিমের ৫৬ টি চকলেট আছে। যদি সে একদিনে ৮ টি চকলেট খায়, তবে কতদিনে সে চকলেটগুলো শেষ করবে? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ রহিম ৮ টি চকলেট খায় ১ দিনে

সুতরাং ৫৬ টি চকলেট খায় $(৫৬ \div ৮)$ দিনে = ৭ দিনে

উত্তরঃ ৭ দিনে শেষ করবে।

প্রশ্ন ৪৬। সুমন ৪৮ টাকার একটি বই ও ৩৬ টাকার রঙ্গিন কলম কিনল। সে কত টাকা খরচ করল? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ সুমন বই কিনল ৪৮ টাকার

সুমন রঙ্গিন কলম কিনল (+) ৩৬ টাকার

সুমন মোট কিনল ৮৪ টাকার

উত্তরঃ ৮৪ টাকা খরচ করল।

প্রশ্ন ৪৭। সবিতা একটি বই পড়ছে। যদি সে একদিনে ৬ পৃষ্ঠা পড়ে, তবে সে এক সপ্তাহে কত পৃষ্ঠা পড়বে? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ আমরা জানি, এক সপ্তাহ = ৭ দিন

সবিতা ১ দিনে পড়ে ৬ পৃষ্ঠা

সবিতা ৭ দিনে পড়ে (৬×৭) পৃষ্ঠা = ৪২ পৃষ্ঠা

উত্তরঃ ৪২ পৃষ্ঠা পড়বে।

প্রশ্ন ৪৮। একজন শিক্ষকের ৪৫ টি সাদা কাগজ আছে। যদি তিনি কাগজগুলো সমানভাবে ৯ জন শিক্ষার্থীকে দেন, তবে প্রত্যেক শিক্ষার্থী কয়টি করে কাগজ পাবে? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ ৯ জন শিক্ষার্থী পাবে ৪৫ টি সাদা কাগজ

সুতরাং ১ জন শিক্ষার্থী পাবে $(৪৫ \div ৯) = ৫$ টি সাদা কাগজ

উত্তরঃ ৫ টি করে সাদা কাগজ পাবে।

প্রশ্ন ৪৯। একটি বুড়িতে ১০ টি আম আছে। যদি ৬ টি বুড়ি থাকে, তবে মোট কতগুলো আম হবে? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ ১ টি বুড়িতে আম আছে ১০ টি

সুতরাং ৬ টি বুড়িতে আম আছে (১০×৬) টি = ৬০ টি

উত্তরঃ ৬০ টি আম হবে।

প্রশ্ন ৫০। একটি পরিবারে লবণের ৪২ গ্রাম সোমবারে এবং ৩৮ গ্রাম মঙ্গলবারে শেষ করে। এই পরিবার লবণের কত গ্রাম এই দুই দিনে ব্যবহার করেছে? পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ সোমবারে শেষ করে ৪২ গ্রাম

মঙ্গলবার শেষ করে ৩৮ গ্রাম

২ দিনে শেষ করে ৮০ গ্রাম

উত্তরঃ ২ দিনে ৮০ গ্রাম লবণ ব্যবহার করেছে।

প্রশ্ন ৫১। নাসিমা ৮৫ টাকার বই কিনল। সে দোকানদারকে একটি ৫০ টাকার নোট ও দুইটি ২০ টাকার নোট দিল। সে কত ফেরত পেল। পৃষ্ঠা- ৯৪

সমাধানঃ ৫০ টাকার ১ টি নোট $(৫০ \times ১) = ৫০$ টাকা

২০ টাকার ২ টি নোট $(২০ \times ২) = ৪০$ টাকা

মোট টাকা = ৯০ টাকা

বই কিনল $(-)$ ৮৫ টাকা

সে ফেরত পেল = ৫ টাকা

উত্তরঃ ৫ টাকা ফেরত পেল।

প্রশ্ন ৫২। একদল কারিগর ৩ দিন আগে আলমারি তৈরি করতে শুরু করে। আলমারি তৈরি করতে তাদের ৫ দিন লাগে।

যদি আজ সোমবার হয় তবে কোন দিন আলমারি তৈরি শেষ হবে? পৃষ্ঠা- ৯৫

সমাধানঃ আজ সোমবার হলে ৩ দিন আগে ছিল শুক্রবার।

সুতরাং শুক্রবারে কারিগর আলমারি তৈরি করতে শুরু করে। আলমারি তৈরি করতে ৫ দিন লাগলে আলমারি তৈরি করা শেষ হবে মঙ্গলবার।

প্রশ্ন ৫৩। মিনা সাধারণত রাত ১০ টায় বিছানায় যায় এবং সকাল ৬ টায় ওঠে। সে কত ঘন্টা ঘুমায়? পৃষ্ঠা- ৯৫

সমাধানঃ মিনা ঘুমাতে যায় রাত ১০ টায়

মিনা ঘুম থেকে ওঠে সকাল ৬ টায়

রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত মোট ৮ ঘন্টা

অর্থাৎ মিনা ৮ ঘন্টা ঘুমায়।

প্রশ্ন ৫৪। একদিন রবিন ৯ টা থেকে ৬ ঘন্টা তার পরিবারের কৃষিকাজে সাহায্য করে। কোন সময় সে কাজ শেষ করে?

পৃষ্ঠা- ৯৫

সমাধানঃ রবিন ৯ টা থেকে ৬ ঘন্টা তার পরিবারের কৃষিকাজে সাহায্য করে।

৯ টা থেকে ৬ ঘন্টা $(৯ - ৬)$ টা = ৩ টা

অর্থাৎ দেশীয় নিয়মে ৩ টার সময় কাজ শেষ করে।